# বাণী

**মোহাম্মদ মনজুর মোরশেদ, বিপিএম**
পুলিশ সুপার
ঝিনাইদহ




ঝিনাইদহ জেলা সবসময়ই সম্ভাবনায় ভরপুর। উর্বর কৃষিজমি, খাদ্যশস্য উৎপাদনে সমৃদ্ধ, কুটির ও ক্ষুদ্র শিল্পের প্রসার-সব মিলিয়ে এ জেলার রয়েছে এক উজ্জ্বল ঐতিহ্য। পরিশ্রমী ও উদ্যমী মানুষের হাত ধরে এই জেলার ব্যবসা-বাণিজ্য ক্রমশঃ বিস্তৃত হচ্ছে। ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি দীর্ঘদিন ধরে ব্যবসায়ীদের অধিকার সংরক্ষণ, নতুন সুযোগ সৃষ্টি এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে আসছে।

আজকের বিশ্ব প্রতিযোগিতার যুগে আমাদের বাণিজ্য ও শিল্পখাতকে আধুনিক প্রযুক্তি, দক্ষ জনবল ও সময়োপযোগী পরিকল্পনার মাধ্যমে এগিয়ে নিতে হবে। আমি বিশ্বাস করি, চেম্বারের নেতৃত্ব ও সদস্যদের ঐকান্তিক প্রচেষ্টা ঝিনাইদহকে আগামী দিনে আরও শক্তিশালী ও সম্ভাবনাময় অর্থনৈতিক কেন্দ্রে পরিণত করবে।

শান্তি, সহযোগিতা ও উন্নয়নের সমন্বয়ে গঠিত ব্যবসায়িক পরিবেশই টেকসই অগ্রগতির মূল চাবিকাঠি। এ ক্ষেত্রে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র ভূমিকা নিঃসন্দেহে প্রশংসনীয়।

পরিশেষে, আমি এই বার্ষিক সাধারণ সভা-২০২৪ এর সর্বাঙ্গীণ সফলতা কামনা করছি। এ আয়োজন যেন আমাদের প্রিয় ঝিনাইদহের অর্থনৈতিক উন্নয়নে নতুন দিগন্ত উন্মোচন করে-এই প্রত্যাশা রাখি।



**(মোহাম্মদ মনজুর মোরশেদ, বিপিএম)**